ঝিনাইদহে জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুনকে হত্যার হুমকি

ঝিনাইদহে জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুনকে হত্যার হুমকি দিয়েছে সন্ত্রাসীরা। এ ঘটনায় তিনি সন্ত্রাসীদের নাম উল্লেখ করে সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন।

লিখিত অভিযোগে জানা যায়, শহরের আরাপপুর খাজুরা এতিমখানা মোড় এলাকার লুৎফর রহমানের ছেলে রাশেদ (৩৫) ও একই এলাকার এবাদত আলীর ছেলে রাজু (৩০)সহ আরও ৩/৪ জন অজ্ঞাতনামা সন্ত্রাসী গত ৩০ মার্চ দুপুর ২:৪৫ মিনিটের সময় আল মামুন হাসপাতালের নিজ চেম্বারে রোগী দেখে ফেরার পথে হাসপাতাল গেটে ডা: রাশেদ আল মামুনের গতিরোধ করে এবং প্রাণ নাশের হুমকি দিতে থাকে। এক পর্যায়ে হুমকিদাতারা তাদের পকেট থেকে একটি দেশীয় অস্ত্র বের করে আমাকে হত্যার উদ্দেশ্যে মারতে আসলে ডা: রাশেদ আল মামুন দৌড়ে ক্লিনিকে ঢুকে জীবন রক্ষা করে।

ডা: রাশেদ আল মামুন বলেন, ওরা আমাকে হত্যা করতে না পেরে হুমকি দিতে থাকে। তিনি বলেন, পূর্বে আমি শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসাবে কর্মরত থাকাকালীন সময়ে ডাঃ মাহবুব পারভেজ এর কিছু অনিয়ম ও দূর্নীতি অভিযোগের ভিত্তিতে স্বাস্থ্য মন্ত্রণালয় তাহার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে। সেই সূত্র ধরে ১ নং বিবাদী তাহার ছোট ভাই পরিচয় দিয়ে তাদের মধ্যে কেস মিমাংসার জন্য আমাকে প্রাণ নাশের হুমকি দিয়ে যায়। তিনি আরও বলেন, আমি যদি উক্ত কেস দ্রুত মিমাংসা না করি তাহলে বিবাদীরা আমাকে যেকোন সময় বড় ধরনের ক্ষতি করতে পারে। এমতাবস্থায় জীবনের নিরাপত্তা চেয়ে ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেছি।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহীন উদ্দিন জানান, জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুন এর হত্যার হুমকির বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত স্বাপেক্ষে দোষিদের বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।